

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮৭৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৫২, ৫২৫৩]

৫৫/ তালাক (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ২০৪১. হায়েয অবস্থায় তালাক দিলে তা তালাক হিসাবে পরিগণিত হবে

باب إِذَا طُلِّقَتِ الْحَائِضُ يُعْتَدُّ بِذَلِكَ الطَّلاَقِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْب، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَنسِ بْنِ سِيرِينَ، قَالَ سَمِعْتُ ابْنَ عُمَرَ، قَالَ طَلَّقَ ابْنُ عُمَرَ امْرَأَتَهُ وَهْىَ حَائِضٌ، فَذَكَرَ عُمَرُ لِلنَّبِيِّ صِلَى الله عليه وسلم فَقَالَ "لِيُرَاجِعْهَا ". قُلْتُ تُحْتَسَبُ قَالَ " فَمَهْ ". وَعَنْ قَتَادَةَ عَنْ يُونُسَ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ " مُرْهُ فَلْيُرَاجِعْهَا ". قُلْتُ تُحْتَسَبُ قَالَ أَرَأَيْتَ إِنْ عَجَزَ وَاسْتَحْمَقَ. قَالَ أَبُو مَعْمَرٍ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ حُسِبَتْ عَلَى بَتَطْلِيقَةٍ.

বাংলা

৪৮৭৬। সুলায়মান ইবনু হারব (রহঃ) ... ইবনু উমর (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি তার স্ত্রীকে হায়েয অবস্থায় তালাক দিলেন, উমর (রাঃ) বিষয়টি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে উল্লেখ করলেন। তখন তিনি বললেনঃ সে যেন তাকে ফিরিয়ে আনে। রাবী (ইবনু সীরীন) বলেন আমি বললামঃ তালাকটি কি গণ্য করা হবে? তিনি (ইবনু উমর) বললেন, তবে কি হবে? কাতাদা (রহঃ) ইউনূস ইবনু জুবায়র (রহঃ) থেকে, তিনি ইবনু উমর (রাঃ) থেকে বর্ণনা করেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তাকে নির্দেশ দাও সে যেন তার স্ত্রীকে ফিরিয়ে আনে। আমি (ইউনুস) বললামঃ তালাকটি কি পরিগনীত হবে? তিনি (ইবনু উমর) বললেনঃ তুমি কি মনে কর? যদি সে অক্ষম হয় এবং স্বেচ্ছায় আহম্মকী করে। আবু মামার বলেন, আবদুল ওয়ারিস আইউব থেকে তিনি সাঈদ ইবনু যুবায়র থেকে, তিনি ইবনু উমর (রাঃ) থেকে বর্ণনা করেন যে তিনি বলেছেনঃ এটিকে আমার উপর এক তালাক ধরা হয়েছিল।

English

Narrated Anas bin Seereen:

Ibn `Umar said: "I divorced my wife while she was menstruating. `Umar



mentioned that to the Prophet . The Prophet (ﷺ) said, (to my father), "Let your son take her back." I asked (Ibn `Umar), "Is such a divorce counted (i.e. as one legal divorce)?" Ibn `Umar said, "Of course." Narrated Yunus bin Jubair: Ibn `Umar said, "The Prophet (ﷺ) said to `Umar, 'Order him (Ibn `Umar) to take her back.' "I asked, "Is such a divorce counted (as one legal divorce)?" Ibn `Umar said, "What do you think if someone becomes helpless and foolish?"

Narrated Ibn `Umar:

(Divorcing my wife during her menses) was counted as one legal divorce.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন